

# Prime Minister's participation in the Second Global COVID Virtual Summit (May 12, 2022)

May 11, 2022

দ্বিতীয় বৈশ্বিক কোভিড ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে (মে 12, 2022) প্রধানমন্ত্রীর অংশগ্রহণ  
মে 11, 2022

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট যোশেফ আর বাইডেন জুনিয়ার-এর আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 12ই মে 2022 তারিখে দ্বিতীয় বৈশ্বিক কোভিড ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করবেন। এই শীর্ষসম্মেলনের অভিপ্রায় হল কোভিড অতিমারির ক্রমাগত চ্যালেঞ্জকে মোকাবিলা করা এবং আরও মজবুত একটি বৈশ্বিক স্বাস্থ্য সুরক্ষা স্থাপত্য গড়ে তোলা।

প্রধানমন্ত্রী ' অতিমারির ক্লাস্তিকে প্রতিরোধ করা এবং প্রস্তুতির অগ্রাধিকার' শীর্ষক শীর্ষসম্মেলনের উদ্বোধনী অধিবেশনে তার বক্তব্য রাখবেন। সেশনটি 12ই মে 18:30 থেকে 19:45 অবধি সরাসরি সম্প্রচার করা হবে।

অনুষ্ঠানের সহকারী আয়োজক হিসেবে অন্যান্য অংশগ্রহণকারীরা হলেন- যথাক্রমে ক্যারিকম (CARICOM)-এর চেয়ার হিসেবে বেইলজের রাষ্ট্রপ্রধান/সরকার, আফ্রিকান ইউনিয়নের চেয়ার হিসেবে সেনেগাল, জি20 -র সভাপতি হিসেবে ইন্দোনেশিয়া এবং জি 7-এর সভাপতি হিসেবে জার্মানি। রাষ্ট্র সঙ্ঘের মহা সচিব , বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহা নির্দেশক এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গও অংশগ্রহণ করবেন।

2021-এর 22শে সেপ্টেম্বর প্রেসিডেন্ট বাইডেন আয়োজিত প্রথম বৈশ্বিক কোভিড ভার্চুয়াল শীর্ষ সম্মেলনেও প্রধানমন্ত্রী অংশগ্রহণ করেছিলেন।

নিরাপদ ও সাশ্রয়ী ভ্যাকসিন, ওষুধ সরবরাহ, পরীক্ষা করার ও চিকিৎসা করার জন্য স্বল্প ব্যয়ের স্বদেশি প্রযুক্তির বিকাশ, জিনোমিক নজরদারি, স্বাস্থ্য পরিচর্যা কর্মীদের সক্ষমতা বৃদ্ধির দ্বারা অতিমারীর মোকাবিলায় জারি থাকা বৈশ্বিক প্রচেষ্টাতে ভারত মুখ্য ভূমিকা পালন করেছে। ভারত বিশ্ব স্বাস্থ্য সংস্থার সাথে তার কেন্দ্রস্থলে বিশ্বব্যাপী স্বাস্থ্য সুরক্ষা স্থাপত্যকে শক্তিশালী এবং সংস্কার করার লক্ষ্যে বহুপাক্ষিক ফোরামে সক্রিয়ভাবে নিযুক্ত রয়েছে।

নিউ দিল্লি  
মে 11, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.